

বিশ্বখ্যাত ওয়েলনেস জায়েন্ট ভিএলসিসি বাংলাদেশে

বিশ্বখ্যাত ওয়েলনেস ব্র্যান্ড ভিএলসিসি এখন বাংলাদেশ। ভিএলসিসির প্রধান কার্যালয় ভারতে। ভারতীয় উপমহাদেশ ও মধ্যপ্রাচ্য মিলে মোট ৮টি দেশজুড়ে চলছে ভিএলসিসির কার্যক্রম। সমগ্র এশিয়ার ভিএলসিসির কার্যক্রম পৌছে দিতে ভিএলসিসি ১৫ মিলিয়ন ইউএস ডলারেরও বেশি বিনিয়োগ করেছে।

বাংলাদেশের সব স্বাস্থ্য সচেতন নারী-পুরুষ এবার সরাসরি ভিএলসিসির বিশ্বমানের দক্ষতাসম্পন্ন প্লিমিং, ক্লিন ও হেয়ার সার্ভিস: শিক্ষণ ও প্রশিক্ষণ ইনসিটিউট এবং রিটেইল ও পার্সোনাল কেয়ার প্রডাক্টের মাধ্যমে উপকৃত হবেন। এ লক্ষ্যে ঢাকার গুলশানে গড়ে উঠেছে আন্তর্জাতিক এ ব্র্যান্ডটির অভিজাত প্লিমিং, বিউটি ও ফিটনেস সেন্টার। ভিএলসিসি হেলথ কেয়ার সেন্টার লি.-এর চেয়ারম্যান মুকেশ লুথরা বলেন, 'একদিকে যেমন বাংলাদেশের মানুষের অর্থনৈতিক ও জীবনযাত্রার মানের উন্নয়ন ঘটেছে, অন্যদিকে এ দেশের মানুষের বেড়েছে জীবনযাত্রার সঙ্গে সম্পর্কযুক্ত বিভিন্ন রোগ- যার মধ্যে শারীরিক স্থূলতা বা ওবেসিটি উল্লেখযোগ্য। এ প্রবণতারোধেই বাংলাদেশে ভিএলসিসির কার্যক্রম শুরু হতে যাচ্ছে। ঢাকার গুলশানে নতুন ভিএলসিসি সেন্টারে স্বাস্থ্য সচেতন নগরবাসী পাবেন অতীতের সে আন্তরিক সেবাদানের ঐতিহ্যকে যা একই সঙ্গে ওয়েসইট ম্যানেজমেন্ট থেকে শুরু করে মেডিকেল/থেরাপিউটিক সল্যুশন পর্যন্ত সব ধরনের সেবা প্রধান করবে। সে সঙ্গে ভিএলসিসিতে সর্বাধুনিক ক্লিন কেয়ার যন্ত্রপাতি ও স্পা টেকনোলজিতে ফলপ্রসূ চিকিৎসা প্রদান, সবচেয়ে দক্ষ ডার্মাটোলজিস্ট দ্বারা ত্বকের চিকিৎসা, চুল ও ত্বকের সমস্যার সমাধানে আধুনিক সেলুন সার্ভিস থাকবে। প্লিমিং, বিউটি ও ফিটনেসের জন্য ভিএলসিসি সেন্টারকে এক কথায় ওয়ান-স্টপ সার্ভিসের এক উজ্জ্বল দ্রষ্টান্ত বলা যায়। বৈজ্ঞানিক উপায়ে ওজন কমানো এবং সৌন্দর্য চর্চায় থেরাপিউটিক পদ্ধতির জন্য ভিএলসিসি বিশেষভাবে স্বীকৃত। বাংলাদেশ, ভারত, সংযুক্ত আরব আমিরাত, ওমান, কাতার, বাহরাইন, নেপাল, শ্রীলঙ্কাসহ বিশ্বের মোট ৮টি দেশের ১০২টি শহরে প্রায় ২৩৭টি আউটলেটের মাধ্যমে ভিএলসিসির কার্যক্রম পরিচালনা করে আসছে। ভিএলসিসির রয়েছে ৭০০০ এরও বেশি সুবিধাল কর্মী বাহিনী যার দুই-তৃতীয়াংশই ডাক্তার, পুষ্টিবিদ, মনোবিজ্ঞানী, কম্প্যুটেলজিস্ট এবং সাইকোথেরাপিস্টসহ বিভিন্ন ক্ষেত্রে দক্ষ বিশেষজ্ঞ। এই সমন্বিত শক্তিতে ভিএলসিসির শুরু থেকে ১০ মিলিয়নেরও বেশি গ্রাহকের সেবা করে আসছে।

বিজ্ঞপ্তি